



নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
সোনাপুর জোনাল অফিস।

ISO 9001:2015 Certified

টেলিফোনঃ ০৩২১-৭১২৬৩, ই-মেইলঃ dgm.sonapur.noapbs@gmail.com, ওয়েবসাইটঃ www.pbs.noakhali.gov.bd

স্মারক নং-২৭,১২,৭৫৮৭.৫৩১.৫৫.৫১.২৩. ৪৬৬

তারিখঃ ৩০/০৫/২০২৩খ্রিঃ

পরিচালক
পরিচালনা, উন্নয়ন ও ওয়ার্কস
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী।



৩০/০৫/২৩
৪৬৬
৫২৩

বিষয়ঃ সাময়িকভাবে বিদ্যুৎ বন্ধের নোটিশ প্রদান প্রসঙ্গে।

উল্লিখিত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৭/০৫/২০২৩খ্রিঃ তারিখে পবিস প্রতিনিধি, বিশ্ববিদ্যালয় প্রতিনিধি এবং পিজিসিবি এর প্রতিনিধির মধ্যে আলোচনায় সিদ্ধান্ত হয় যে, সোনাপুর জোনাল অফিসের জন্য আরইবি সদর ৩৩ কেভি ফিডারের স্থলে বেগমগঞ্জ-২ ৩৩ কেভি ফিডারের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করা হবে। এর প্রেক্ষিতে আরইবি সদর ৩৩ কেভি লাইন এবং বেগমগঞ্জ-২ ৩৩ কেভি লাইন আন্তঃ পরিবর্তনের মাধ্যমে বেগমগঞ্জ-২ ৩৩ কেভি হতে বিশ্ববিদ্যালয় এ বিদ্যুৎ সরবরাহের জন্য ৩৩ কেভি লাইনের সংযোগ পরিবর্তন কাজের জন্য আগামী ৩১/০৫/২০২৩খ্রিঃ তারিখ রোজ বুধবার ও ০১/০৬/২০২৩খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ৭.০০ ঘটিকা হতে দুপুর ১১.০০ ঘটিকা পর্যন্ত চৌমুহনী গ্রীড হতে আরইবি সদর ৩৩ কেভি বিদ্যুৎ লাইন বন্ধ থাকবে। ঐ সময়ে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বৈদ্যুতিক লাইন বিকল্পভাবে কবিরহাট ফিডার হতে চালু রাখার উদ্যোগ নেওয়া হবে। এক্ষেত্রে মাঝে মাঝে অল্প সময়ের জন্য লাইনে বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকতে পারে। সাময়িকভাবে বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকার জন্য কর্তৃপক্ষ আন্তরিকভাবে দুঃখিত।

পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

✓ ৩০/০৫/২৩
ডেপুটি জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ

- ০১) জেনারেল ম্যানেজার, নোয়াখালী পবিস। (সদয় অবগতির জন্য)
- ০২) ডিজিএম (কারিগরী), সদর, নোয়াখালী।
- ০৩) অফিস কপি/মাষ্টার কপি।

✓ ৩০/০৫/২৩
ডেপুটি জেনারেল ম্যানেজার